تِلْقَاءِ نَفْسهَا



💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ উম্মু আতিয়়াহ রাদিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশে তার চুলগুলো আঁচড়িয়ে বেণী করে দিয়েছিলেন; উম্মু আতিয়়াহ রাদিয়াল্লাহু আনহা নিজের পক্ষ থেকে এমনটি করেননি মর্মে বর্ণনা ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أُمَّ عَطِيَّةَ إِنَّمَا مشَّطت قُرُونَهَا بِأَمْرِ الْمُصْطَفَى صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا مِنْ

আরবী

3022 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: تُوفِيِّيَتِ ابنةٌ لِرَسُولِ أَيُّوبَ وَهِشَامٍ وحبيبٍ عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: تُوفِيِّيَتِ ابنةٌ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (اغْسِلْنَهَا بِالْمَاءِ وَالسِّدْرِ ثَلَاثًا أَوْ خَمْسًا أَوْ أَكْثَرَ مِنْ ذَلِكَ ـ وَاجْعَلْنَ فِي آخرهنَّ شَيْئًا مِنْ كَافُورٍ فَإِذَا فرغتُنَّ فَآذِنَّنِي) فَآذنّاه فَأَلْقَى إِلَيْنَا حِقْوهُ وَقَالَ: (أشعِرْنَها إِيَّاهُ) قَالَانًا حَقْوهُ وَقَالَ: (أشعِرْنَها إِيَّاهُ) قَالَ أَيُّوبُ: وَقَالَتْ حَفْصَةُ: اغْسِلْنَهَا ثَلَاثًا أَوْ خَمْسًا أو سبعاً واجعلن لها ثلاثة قرونٍ وَلَالوي : أُمِّ عَطِيَّةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أُمِّ عَطِيَّةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2022 ا خلاصة حكم المحدث: شاذ بلفظ الأمر في (القرون) ـ الصفحة أو الرقم: 2302 ا خلاصة حكم المحدث: شاذ بلفظ الأمر في (القرون) ـ ((الضعيفة)) (6496).

বাংলা

৩০২২. উন্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এক মেয়ে মারা যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তোমরা তাকে তিনবার অথবা পাঁচবার অথবা তোমরা মনে করলে তার চেয়ে বেশিবার পানি ও বরই পাতা দিয়ে ধৌত করাবে। আর শেষবারে কর্পুর দিবে অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) কর্পুরের কিছু অংশ দিবে। অতঃপর যখন তোমরা গোসল সম্পন্ন করবে, তখন তোমাকে আমাকে অবহিত করবে।"



উম্মু আতিয়াহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর যখন আমরা গোসল শেষ করলাম, তখন আমরা তাঁকে অবহিত করি। তখন তিনি আমাদেরকে তাঁর তহবন্দ প্রদান করে বলেন, "তোমরা এটাকে তার শরীরে জড়িয়ে দাও।"[1]

অধঃস্তন একজন রাবী আইয়ূব রহিমাহুল্লাহ বলেন, হাফসা রাদ্বিয়াল্লাহু আনহা বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা তাকে তিনবার অথবা পাঁচবার অথবা সাতবার ধৌত করাবে এবং তার চুলগুলোকে তিনটি বেণী করে দিবে।"

ফুটনোট

[1] তাবারানী: ২৫/৯৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৬৫; মুসনাদ আহমাদ: ৩/৩৩১; হাকিম: ১/৩৩৫; সুনান বাইহাকী: ৩/৪০৫; বাযযার: ৮১৩; মাজমাউয যাওয়াইদ: ৩/২৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে বেণী করার নির্দেশসহ হাদীসটিকে শায বা দুর্বল বলেছেন। (আয যঈফা: ৬৪৯৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন